

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪০) আল্লাহর গুণাবলী কি মানুষের গুণাবলীর মতোই?

উত্তর: যে ব্যক্তি এ বিশ্বাস পোষণ করবে যে, আল্লাহর সিফাত তথা গুণাবলী মানুষের গুণাবলীর মতই সে পথভ্রষ্ট হয়ে যাবে। কেননা কুরআনের ভাষ্য অনুযায়ী আল্লাহর গুণাবলী মানুষের গুণাবলীর সাথে সাদৃশ্যপূর্ণ নয়। আল্লাহ তা'আলা বলেন,

"তাঁর অনুরূপ আর কেউ নেই তিনি সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।" [সূরা আশ-শূরা, আয়াত: ১১]

দু'টি জিনিসের নাম ও গুণ এক হলেই জিনিস দু'টি সকল দিক থেকে এক হওয়া জরুরি নয়। এটি একটি গুরুত্বপূর্ণ মূলনীতি। মানুষের মুখমণ্ডল আছে। উটেরও মুখমণ্ডল আছে। মুখ দু'টি কি একই রকম? কখনই নয়। অনুরূপভাবে উটের হাত আছে পিপিলিকারও হাত আছে। হাত দু'টি কি সমান? তাহলে কেন আমরা বলব না যে, আল্লাহর চেহারা আছে। তা মাখলুকাতের চেহারার অনুরূপ নয়। আল্লাহর হাত আছে। কিন্তু তা মানুষের হাতের মত নয়। আল্লাহ তা'আলা বলেন,

"তারা যথার্থভাবে আল্লাহর ক্ষমতা ও সম্মান বুঝতে পারে নি। কিয়ামতের দিন গোটা পৃথিবী থাকবে তাঁর হাতের মুঠোতে এবং আসমানসমূহ ভাঁজ করা অবস্থায় থাকবে তাঁর ডান হাতে।" [সূরা আয-যুমার, আয়াত: ৬৭] আল্লাহ আরো বলেন,

"সেদিন আমরা আকাশকে গুটিয়ে নেব, যেভাবে গুটানো হয় লিখিত কাগজপত্র।" [সূরা আল-আম্বিয়া, আয়াত: ১০৪] কোনো মাখলুকের কি এ ধরণের হাত রয়েছে? কখনই নয়। সুতরাং আমাদের জেনে রাখা উচিৎ যে, যিনি সৃষ্টিকর্তা তিনি সৃষ্টিজীবের মতো নন। না সত্বায় না গুণাবলীতে। وَهُوَ ٱلسَّمِيعُ গ্রাছার্তার মতো আর কেউ নেই তিনি সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।" [সূরা আশ-শূরা, আয়াত: ১১] এ জন্যই আল্লাহর কোনো সিফাতের ধরণ গঠন বা প্রকৃতি অনুসন্ধান করা ঠিক নয় কিংবা এ রকম ধারণা করা ঠিক নয় যে, আল্লাহর গুণসমূহ মানুষের গুণাবলীর মতোই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=572



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন